



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৬.২০.৫৪

তারিখ: ১ মাঘ ১৪২৭

১৫ জানুয়ারি ২০২১

বিষয়: **কিশোরগঞ্জ জেলার আর এস আইডিয়েল কলেজের সাবেক অধ্যক্ষ জনাব গোলসান আরা বেগম এর আবেদনের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

কিশোরগঞ্জ জেলার আর এস আইডিয়েল কলেজের সাবেক অধ্যক্ষ জনাব গোলসান আরা বেগম মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় বরাবরে একটি আবেদন করেন। মাননীয় মন্ত্রী ডা. দীপুমানি উক্ত আবেদনটি মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করেন।

আবেদনের বর্ণনা: ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত আর এস আইডিয়েল কলেজ, বিনাটি, কিশোরগঞ্জ একটি এমপিওভুক্ত ও অনার্স পর্যায়ের প্রতিষ্ঠান। প্রকৌশলী (অব:) মোঃ জসিম উদ্দিন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও এডভোকেট মোঃ আবুল হাসেম উক্ত কলেজটি তাদের নিজস্ব অর্থায়নে অনগ্রসর জনগণকে শিক্ষিত করার লক্ষ্যে নিঃস্বার্থ ভাবে অজপাড়া গাঁয়ে প্রতিষ্ঠা করেন। বর্তমানে তাঁরা কলেজ প্রাঙ্গণে যেতে পারেন না, সভাপতির অনাকাঙ্ক্ষিত আচরণে। আমাকে প্রতিষ্ঠা লগ্নেই অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়। ২২ বছর চেষ্টা করে ইন্টারমেডিয়েট শাখা এমপিওভুক্তির পর অনার্স পর্যায়ে কলেজটিকে উন্নীত করছি, যেখানে প্রায় দুই হাজার ছেলে মেয়ে উচ্চ শিক্ষা গ্রহণ করার সুযোগ পাচ্ছে। বিধি মোতাবেক জমি অধিগ্রহণ ও হাইকোর্টে রিট আবেদন মামলা মোকাবেলা করে প্রায় সাত বিঘা জায়গা যুক্ত করেছি কলেজ চত্তরে। চারতলা ভবনসহ সরকারি ও বেসরকারি ভাবে নির্মিত ৫টি ভবনও রয়েছে কলেজে। ৭ জন জেলা প্রশাসক মহোদয় পর্যায়ক্রমে দায়িত্ব পালন করেছিলেন দৃঢ়তার সাথে। ৫ মে ২০২০ এ অবসরের পর, বিনা পারিশ্রমিকে আরো দুই বছর স্বপদে অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করতে চেয়েছিলাম। মহামান্য রাষ্ট্রপতির পুত্র সাংসদ প্রকৌশলী রেজওয়ান আহমদ মহোদয়ের জোর সুপারিশ ছিল। গভর্নিং বডির সভাপতি মহোদয় আমাকে সে সুযোগ দেননি। কতিপয় পকেট সদস্যদের নিয়ে অবৈধভাবে প্রভাষক মোঃ এনামুল হককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়। সরকারি বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব দেয়ার কথা থাকলেও তা লঙ্ঘন করা হয়েছে। কলেজের বেশ কয়েকজন সহকারী অধ্যাপক থাকা সত্ত্বেও একজন প্রভাষককে বিধি বহির্ভূত ও অযৌক্তিকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করায় কলেজে অস্থিতিশীল পরিবেশ বিরাজ করছে। আমার প্রাপ্য অবসর সুবিধা ও কল্যাণ ফান্ডের অর্থ উত্তোলন আবেদনে সভাপতি স্বাক্ষর করছেন না।

সার্বিক অবস্থা বিবেচনা করে কলেজটিতে শান্তিপূর্ণ, শিক্ষার কাম্য পরিবেশ রক্ষার্থে বর্তমান গভর্নিং বডির সভাপতি পরিবর্তন করে কিশোরগঞ্জের জেলা প্রশাসক মহোদয়কে গভর্নিং বডির সভাপতি পদে নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হইল।

১৫-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ২) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৬.২০.৫৪/১(৩)

তারিখ: ১ মাঘ ১৪২৭
১৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, আর এস আইডিয়েল কলেজ, কিশোরগঞ্জ।
- ২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আর এস আইডিয়েল কলেজ, কিশোরগঞ্জ।
- ৩) ড. গোলসন আরা বেগম, সাবেক অধ্যক্ষ, আর এস আইডিয়েল কলেজ, কিশোরগঞ্জ।



১৫-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক